



# মার্কিন বার্তা

AMERICAN CENTER 38-A, Jawaharlal Nehru Road, Calcutta 700 071

Tel: 2288-1200 (7 Lines) Fax: 033-2288-1616/9460 E-mail: pacal@state.gov

বিশেষ সংবাদ

৮ আগস্ট ২০০৮

## উপকূল অঞ্চলের ব্যবস্থাপনা: আমেরিকান সেন্টারে আন্তর্জাতিক কর্মশালা ১১-১২ আগস্ট

কলকাতা -- সমুদ্র উপকূলবর্তী অঞ্চলের ব্যবস্থাপনা বিষয়ে আমেরিকান সেন্টারে দুদিন-ব্যাপী এক আন্তর্জাতিক কর্মশালার সূচনা হচ্ছে আগামী ১১ আগস্ট। এই কর্মশালায় অংশগ্রহণ করতে শুক্রবার, ৮ আগস্ট কলকাতায় এসে পৌঁছছেন বরিশি মার্কিন উপদেষ্টা রালফ ক্যান্ট্রাল। পশ্চিমবঙ্গ, ওড়িশা, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের বিজ্ঞানী, নীতি-নির্ধারক ও পরিবেশবিদরা ছাড়াও কর্মশালায় উপস্থিত থাকবে বাংলাদেশ থেকে আসা একটি দল। ওই দলটির নেতৃত্ব দিচ্ছেন আমেরিকার ন্যাশনাল ওশেনিক অ্যান্ড অ্যাটমসফেরিক অ্যাডমিনিস্ট্রেশনের (এনওএএ) সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটর ক্যান্ট্রাল। সামুদ্রিক ও উপকূল সম্পদের ব্যবস্থাপনার ক্ষেত্রে বিগত তিন দশকেরও বেশি সময় ধরে তিনি এক সোচ্চার ব্যক্তিত্ব।

এখানে তাঁর সপ্তাহ-ব্যাপী সফরের সময় ক্যান্ট্রাল সুন্দরবনে গিয়ে ব্যাঘ্র প্রকল্প অঞ্চলে ম্যানগ্রোভ অরণ্যের সমস্যা সম্পর্কে সমীক্ষা করবেন। এছাড়া আগামী ৯ আগস্ট তিনি যাদপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অভ ওশেনোগ্রাফিক স্টাডিজ-এ “আবহাওয়ার পরিবর্তন ও উপকূল এলাকায় তার প্রভাব” প্রসঙ্গে ছাত্র-ছাত্রী ও গবেষকদের উদ্দেশে ভাষণ দেবেন।

আমেরিকান সেন্টারে আয়োজিত কর্মশালায় আলোচনার মূল বিষয় হবে বঙ্গোপসাগর এলাকায় উপকূলবর্তী অঞ্চলের ব্যবস্থাপনা। সেই সূত্রেই স্বাভাবিক ভাবে উঠে আসবে পূর্ব ভারত ও বাংলাদেশের সন্নিহিত তটভূমির পারস্পরিক মিল ও পার্থক্যের কথাও। বিভিন্ন রাজ্য ও কেন্দ্র-শাসিত অঞ্চল থেকে কর্মশালায় আসা অংশগ্রহণকারীরা বাংলাদেশি বিশেষজ্ঞদের সঙ্গে নানা প্রজাতির বিপন্ন পশু-পাখি, উদ্ভিদ ও লতা-গুল্ম সংক্রান্ত সমস্যা, তটভূমির জলের সংরক্ষণ এবং দুর্যোগ মোকাবিলার বিষয়ে কথা বলবেন। কর্মশালায় অন্যতম প্রধান আলোচকের ভূমিকায় থাকবেন ক্যান্ট্রাল যিনি একজন ভৌগোলিকও বটেন।

\*\*\*\*\*